

উপজেলা পরিষদ কার্যালয়
মহেশপুর, ঝিনাইদহ।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : মোছাঃ হাসিনা খাতুন
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয়
মহেশপুর, ঝিনাইদহ।
সভার তারিখ : ১২/০৭/২০২১ খ্রিঃ।
সভার সময় : ৩:০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর (ক্রমানুসারে)	স্বাক্ষর
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশপুর, ঝিনাইদহ	স্বাক্ষরিত
চেয়ারম্যান, কাজিরবেড় ইউপি, মহেশপুর, ঝিনাইদহ	স্বাক্ষরিত
চেয়ারম্যান, বাশবাড়ীয়া ইউপি, মহেশপুর, ঝিনাইদহ	স্বাক্ষরিত
চেয়ারম্যান, যাদবপুর ইউপি, মহেশপুর, ঝিনাইদহ	স্বাক্ষরিত
উপজেলা কৃষি অফিসার, মহেশপুর, ঝিনাইদহ	স্বাক্ষরিত

সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। চেয়ারম্যান, এসবিকে ইউপি, মহেশপুর, ঝিনাইদহ বলেন বর্তমান সরকার গুরুত্বপূর্ণ কার্যক্রম পর্যালোচনার জন্য এই স্থায়ী কমিটি দেশ জাতীয় উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। সভাপতি সদস্য সচিবকে সভার কার্যক্রম পরিচালনা করার জন্য দৃষ্টি আকর্ষণ করেন।

০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।


০২। উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগের তত্ত্বাবধানে বাস্তবায়নাত্মক উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বিভিন্ন সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রণয়নের সুযোগ আছে। এ প্রসঙ্গে কমিটির সদস্য জনাব মোঃ সিরাজুল ইসলাম, চেয়ারম্যান, ০২ নং ফতেপুর ইউপি, মহেশপুর, ঝিনাইদহ সভাকে অবহিত করেন যে, কৃষকদের বিষমুক্ত সবজি উৎপাদনের কলাকৌশল বিষয়ে ট্রেনিং কার্যক্রম বাস্তবায়ন প্রয়োজন। এ লক্ষ্যে ১ টি সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প উপজেলা পরিষদে প্রেরণ করা যেতে পারে। এবিষয়ে আলোকপাত করা যেতে পারে।

সিদ্ধান্ত : কৃষকদের বিষমুক্ত সবজি উৎপাদনের কলাকৌশল সম্পর্কিত নিম্নোক্ত ১ টি সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা অনুমোদনের জন্য উপজেলা পরিষদে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

১ টি সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা :

ক্রঃ	উপ-প্রকল্পের নাম	বাস্তবায়নকারী বিভাগ
০১	বিষমুক্ত সবজি (বেগুন ও কুমড়া জাতীয় ফসল) উৎপাদন কলাকৌশল বিষয়ে কৃষক প্রশিক্ষণ।	কৃষি বিভাগ

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



সভাপতি

কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি

ও

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান

মহেশপুর, ঝিনাইদহ।

তারিখ : ১২/০৭/২০২১ খ্রিঃ।


স্মারক নং- উপ/কৃষি/অ/সদর/ঝিনাই/২০২০- ৫৫৪/২(৫)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল :-

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশপুর, ঝিনাইদহ।

০২। উপজেলা নির্বাহী অফিসার, মহেশপুর, ঝিনাইদহ।

০৩। অফিস কপি।



সদস্য-সচিব

ও উপজেলা কৃষি অফিসার
মহেশপুর, ঝিনাইদহ।